



তারিখ : ০১ জানুয়ারি, ২০১৯  
স্মারক নং : রিহাব/আইন/মেম্বার/বার্ষিক চাঁদা/০১/২০১৯/৮৬৩৩

বরাবর,  
**সম্মানিত সদস্য**  
রিহাব।

**বিষয় : রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০১৯ যথাসময়ে পরিশোধ প্রসঙ্গে।**

জনাব,

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা নিন।

আপনার ডেভেলপার প্রতিষ্ঠানের রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০১৯ বাবদ নির্ধারিত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আগামী **৩১ মার্চ, ২০১৯** এর মধ্যে রিহাব “হিসাব বিভাগ”-এ জমার জন্য অনুরোধ করছি।

উল্লেখ্য, রিহাব এর “মেমোরেডাম এন্ড আর্টিকেল’স অব এসোসিয়েশন” অনুযায়ী কোন রিহাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠান চলতি ২০১৯ সালের সাবস্ক্রিপশন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা **৩১ মার্চ, ২০১৯** এর মধ্যে পরিশোধ করতে সমর্থ না হলে “পরবর্তীতে” নির্ধারিত বিলম্ব ফি সহ নিম্নোক্ত হিসাবে পরিশোধ করতে হবে:-

(ক) বিলম্ব ফি ৫,০০০/- টাকা সহ (২৫,০০০+৫,০০০) মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা; যদি ৩০ এপ্রিল, ২০১৯ এর মধ্যে পরিশোধ করা হয়।

(খ) বিলম্ব ফি ৭,৫০০/- টাকা সহ (২৫,০০০+৭,৫০০) মোট ৩২,৫০০/- (বত্রিশ হাজার পাঁচ শত) টাকা; যদি ৩১ মে, ২০১৯ এর মধ্যে পরিশোধ করা হয়।


(গ) বিলম্ব ফি ১০,০০০/- টাকা সহ (২৫,০০০+১০,০০০) মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা; যদি ৩০ জুন, ২০১৯ এর মধ্যে পরিশোধ করা হয়।

যদি কোন রিহাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠান সর্বশেষ ৩০ জুন, ২০১৯ এর মধ্যে চলতি ২০১৯ সালের রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন বিলম্ব ফি সহ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করতে ব্যর্থ হয়; তাহলে রিহাব সংঘ-বিধি অনুযায়ী বার্ষিক সাবস্ক্রিপশন খেলাপির কারণে উক্ত ডেভেলপার প্রতিষ্ঠানের রিহাব সদস্যপদ খারিজ (Ceased) হয়ে যাবে।

সুতরাং আগামী **৩১ মার্চ, ২০১৯** এর মধ্যে রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০১৯ বাবদ নির্ধারিত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে রিহাব বরাবরে পরিশোধের জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।

আপনার আন্তরিক সহযোগিতা “রিহাব” এর আগামী দিনের কর্মকাণ্ড পরিচালনায় কার্যকরী ভূমিকা রাখবে।

ধন্যবাদান্তে

  
নূরুল্লাহী চৌধুরী (শাওন), এম.পি.  
সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট  
রিহাব।

অনুলিপি :

১। প্রশাসন বিভাগ/হিসাব বিভাগ, রিহাব।

**REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH**

Head Office : National Plaza (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargoan Road, Dhaka-1205, Tel : 88-02-9662114  
9662482, 9669897, 9677877, 9663458 Fax : 88-02-9614606 E-mail : info@rehab-bd.org, web : www.rehab-bd.org  
Chittagong Regional Office : VIP Tower (2nd Floor), 125 Chatteweshary Road, Kazir Dewri, Chittagong, Bangladesh.  
Tel : 031-2853522, 2868829, Fax : 031-2853622 E-mail : ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com